# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯৯তম বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ১৫ ফেব্রুয়ারি, ২০১১

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## <u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>

| | | |
|---|---|---|
| (১) | উইং কমান্ডার এস এম শামীমুল হক<br>প্রতিনিধি, অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | মেজর মোঃ মসিউর রহমান, এএসসি<br>স্টেশন হেলথ অফিসার<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট<br>সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৫) | ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন<br>বাড়ী#১৮৬, লেন#৪, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা<br>ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

*<u>চলমান পাতা-২</u>*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ২৭ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ২৭ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ গত ২৭ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ ডিসেম্বর, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১০-২০১১ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী **২,৩৭,০০,০০০.০০** টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া **৭৩,১১,৮৬৮.০০** টাকাসহ সর্বমোট দাবী **৩,১০,১১,৮৬৮.০০** টাকার মধ্যে ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে **২,৮৫,১১,৯০৭.০০** টাকা। যার মধ্যে ডিসেম্বর, ২০১০ মাসে ক্যান্টনমেন্ট বাজার এলাকার গৃহকর বাবদ ১১,১৩,৫২০.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ২৬,০১,৮৪৮.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৭৮,০৩,৭২৭.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৬৯,১৭,১৫১.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ১,৬১,১০২.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ৪,৪৮,৬৯১.০০ টাকা আদায় হয়েছে। এছাড়ও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৮,৭৪,২৬৭.০০ টাকা আদায় করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১০ মাসের রাজস্ব আদায় সন্তোষজনক মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর আদায়ের ব্যাপারে ইতোপূর্বে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক চূড়ান্ত নোটিশ প্রদান করতঃ পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ ঃ ডিসেম্বর, ২০১০ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ডিসেম্বর, ২০১০ মাসে বোর্ড ফান্ডে (রজনীগন্ধা টাওয়ার এর ইজারা বাবদ প্রাপ্ত অর্থসহ) ২,৯৮,৩২,০১৬/- টাকা রাজস্ব আয় হয়েছে এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, নৈমিত্তিক ব্যয়, সংস্কার-মেরামত ও প্রকল্প বাবদ ২,০৯,৩৭,০২৩/- টাকা ব্যয় হয়েছে। ক্যান্টনমেন্ট বাজার এবং ডিওএইচএসসমূহ হতে উক্ত মাসে ৬২,৫৭,৬৯৬/- টাকা আয় হয়েছে এবং বিভিন্ন প্রকল্প বাবদ ২৮,৮১,২২১/- টাকা ব্যয় হয়েছে।

সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ ডিসেম্বর, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। তবে ঢাকা সেনানিবাসসহ ডিওএইচএস এলাকায় ব্যাপকভাবে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে মর্মে আলোচনায় জানা যায়।

সিদ্ধান্ত ঃ স্টেশন হেল্‌থ অর্গানাইজেশন ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগ নিয়ে মশক নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করবে।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমতিক্রমে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। সে মোতাবেক রেজিস্ট্রিকৃত দলিলমূলে ফ্ল্যাটগুলো প্রস্তাবিত ক্রেতাগণ ক্রয় করে নামজারীর জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত ফ্ল্যাটসমূহের হালনাগাদ গৃহকর পরিশোধ আছে এবং কোন অননুমোদিত নির্মাণ নেই। বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#এ-১, রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | ডাঃ বাহাউদ্দিন মোঃ ইউসুফ বাড়ী#২৭৩, লেন#২০, মহাখালী ডিওএইচএস ঢাকা সেনানিবাস। | পত্র নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং- ২৪/৬/২০১০ | নং- ঢাক্যাবো/ক্যাঃ বাঃ এঃ/ ১৬/এইচ/ফ্ল্যাট নং-এ-১/১৯ তাং- ২১/৯/২০১০ | ফ্ল্যাটের আয়তন- ১৫০০ বর্গফুট বার্ষিক গৃহকর- ১০,৫০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণ- নেই |
| (২) | বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#সি-৫, রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ শহিদ খান বাড়ী#১৬/এইচ, ফ্ল্যাট#সি-৫, রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | পত্র নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-১৬/৬/২০১০ | নং- ঢাক্যাবো/ক্যাঃ বাঃ এঃ/ ১৬/এইচ/ফ্ল্যাট নং-সি-৫/২২ তাং- ২১/৯/২০১০ | ফ্ল্যাটের আয়তন- ১২৫০ বর্গফুট বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণ- নেই |
| (৩) | বাড়ী#২১, ফ্ল্যাট#বিএস-৩, রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ আতাউর রহমান প্রধান বাড়ী#২১, ফ্ল্যাট#বিএস-৩, রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | পত্র নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং-২৫/৮/২০১০ | নং- ঢাক্যাবো/ক্যাঃ বাঃ এঃ/ ২১/ফ্ল্যাট নং-বিএস-৩/৫৬ তাং- ২৫/১০/২০১০ | ফ্ল্যাটের আয়তন- ১৩৭২ বর্গফুট বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ অননুমোদিত নির্মাণ- নেই |

সিদ্ধান্ত ঃ হালনাগাদ গৃহকর পরিশোধ সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ৬ এ উল্লেখিত ফ্ল্যাটগুলো রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৫৮ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ী দানপত্র/অছিয়তনামা মূলে নামজারী প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৫৮ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ২২ এপ্রিল, ১৯৮০ তারিখে ২৭৩১ নম্বর রেজিস্ট্রিকৃত দলিল মুলে (১) মিসেস জয়নব খাতুন, স্বামী- হাজী আব্দুল হামিদ হাওলাদার ও (২) হাসিব রেজা হাওলাদার, পিতা- আব্দুর রব হাওলাদার নামে যৌথভাবে ক্রয় করা হয়। মিসেস জয়নব খাতুন ৩১ আগস্ট, ১৯৮৪ তারিখে ৯১৭/এ/৮৪ নং নোটারীকৃত অছিয়তনামামূলে উক্ত প্লটে তাঁর অংশের জমি/বাড়ী তদীয় পুত্র জনাব আব্দুর রব হাওলাদার অথবা তাঁর ওয়ারিশদের মধ্যে অছিয়তনামা মূলে দান করেন যা তার মৃত্যুর পর কার্যকর হবে। উল্লেখ্য যে, ২০ নভেম্বর, ২০০৮ তারিখে মিসেস জয়নব খাতুন ইন্তেকাল করেন। অতঃপর তদীয় পুত্র আব্দুল রব হাওলাদারও (হাসিব রেজার পিতা) ২৬ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে মৃত্যুবরণ করেন। মরহুম আব্দুর রব হাওলাদারের ওয়ারিশ স্ত্রী ও ৩ পুত্র (হাসিব রেজাসহ) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৫৮ নং প্লট ও প্লটে নির্মিত ১ তলা বাড়ীর মরহুম জয়নব খাতুন এর অংশ তাদের নামে নামজারীর জন্য ০৯ আগস্ট, ২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এ বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি জানান যে, আবেদনকারীদের নামে উক্ত প্লট ও প্লটে নির্মিত ১ তলা বাড়ীর মরহুমা জয়নব খাতুন এর অংশটুকু নামজারী/রেকর্ড সংশোধন করতে কোন আইনগত বাধা নেই। বিস্তারিত পর্যালোচনান্তে উক্ত বাড়ীর আলোচ্য অংশ আবেদনকারীদের নামে নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৫৮ নং বাড়ীর মরহুম জয়নব খাতুন এর অংশ অছিয়তনামা মূলে দানকৃত তদীয় পুত্র মরহুম আব্দুর রব হাওলাদারের ওয়ারিশগণের নামে অবিভক্ত ও অবিভাজ্য অবস্থায় যৌথভাবে নামজারী/রেকর্ড সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

আলোচ্যসূচী-৭ ঃ ৮৪, ব্রডওয়ে বিল্ডিং এর ভাড়া পুনঃ নির্ধারণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), সিএসডি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যালয়, ঢাকা সেনানিবাসের ১৫ ডিসেম্বর, ২০১০ তারিখের ৩৯০৬/আর ব্রডওয়ে বিল্ডিং/সিএসডি নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৮৪ নং প্লট ও প্লটে নির্মিত ব্রডওয়ে বিল্ডিংটি প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ এর ০৩ মার্চ, ২০০১ তারিখের এডম/৫৪/৪১ নং পত্রের মাধ্যমে সিএসডি-কে ০৫(পাঁচ) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্তে অনুরোধ জানানো হয়। সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), ঢাকা সেনানিবাসের ১২ মার্চ, ২০০১ তারিখের ৩৯১০৩/২/ঢাকা/সিএসডি নং পত্রে বিষয়টির উপর কার্যকরী ব্যবস্থা নেয়ার জন্য অত্র দপ্তরকে অনুরোধ জানানো হলে ২২ মার্চ, ২০০১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১৬ নং সিদ্ধান্তের আলোকে ৮৪ নং প্লটে অবস্থিত ব্রডওয়ে বিল্ডিংটি পূর্বের সকল ভাড়াটিয়াসহ সিএসডি, বাংলাদেশ এর নিকট ০৫(পাঁচ) বছর মেয়াদে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে ২৫ আগস্ট, ২০০২ তারিখে অত্র দপ্তরের সাথে প্রতি বর্গফুট ৩.৫০ টাকা হিসেবে ১৮,১৫০ বর্গফুটের মাসিক ৬৩,৫৭৫/- (তেষট্টি হাজার পাঁচশত পঁচাত্তর) টাকা ভাড়ার ভিত্তিতে জেনারেল ম্যানেজার, সিএসডি বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা সেনানিবাসের সাথে ০১ নভেম্বর, ২০০২ তারিখ হতে ০৫(পাঁচ) বছরের ইজারা চুক্তি সম্পাদিত হয়। ৩১/১০/২০০৭ তারিখে উক্ত ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর সিএসডি বাংলাদেশের ০১/১০/২০০৭ তারিখের এডমিন/৫২/চুক্তি/× নং পত্রের প্রেক্ষিতে বিষয়টি ২৮/১১/২০০৭ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভায় উপস্থাপন করা হলে প্রতি বর্গফুট ৪/- টাকা হারে ১৮,১৫০ বর্গফুটের মাসিক ভাড়া ৭২,৬০০/- টাকা ধার্য করে ০১/১১/২০০৭ তারিখ হতে পরবর্তী ০৫ বছরের জন্য ইজারার মেয়াদ নবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী ৮/১/২০০৮ তারিখে একটি ইজারা চুক্তি স্বাক্ষর করা হয়। ইজারাকৃত ভবনটি বানিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত ও ইজারাকৃত বিধায় মাসিক প্রতি বর্গফুট ৪/- টাকা ভাড়া নিতান্তই অপ্রতুল ও অসংগতিপূর্ণ। তাই বাণিজ্যিক ভবনের ভাড়ার সাথে সামঞ্জস্য রেখে উক্ত ভবনের ভাড়া পুনঃ নির্ধারনের বিষয়ে ১৭/১১/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৭ এর মাধ্যমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

*"ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৪ নং বিল্ডিং (ব্রডওয়ে বিল্ডিং) এর মাসিক ভাড়া প্রতি বর্গফুট ০৬/-(ছয়) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সিএসডি কর্তৃপক্ষকে অবহিত করা হোক।"*

তদানুযায়ী অত্র দপ্তরের ০২/১২/২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৮৪/১১১ নং এবং ২৬/১/২০১০ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৮৪/১১৫ নং পত্রে পুনঃনির্ধারিত প্রতি বর্গফুট ৬/- (ছয়) টাকা হারে মাসিক ১,০৮,৯০০/-(এক লক্ষ আট হাজার নয়শত) টাকা হিসেবে ভাড়া পরিশোধ করার জন্য সিএসডি-কে অনুরোধ করা হয়। সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), ঢাকা সেনানিবাসের ২৪ অক্টোবর, ২০১০ তারিখের ৩৯০৬/আর/ব্রডওয়ে বিল্ডিং/সিএসডি নং পত্রের মাধ্যমে ব্রডওয়ে বিল্ডিংয়ের ভাড়া মাসে ১০,০০০/-(দশ হাজার) টাকা ধার্য্য করার বিষয়ে অত্র দপ্তরে মতামত চাওয়া হয়। বিষয়টি ১০ নভেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*" ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৮৪ ব্রডওয়ে বিল্ডিং এর ভাড়া না কমানোর সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।"*

*চলমান পাতা-৫*

এই প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৭ ডিসেম্বর, ২০১০ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৮৪/১০/১২৩ নং পত্রের মাধ্যমে সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), সিএসডি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যালয়, ঢাকা সেনানিবাসকে উক্ত সিদ্ধান্তটি অবহিত করা হয়। পরবর্তীতে সেনাসদর, কিউএমজি শাখা (সমন্বয়), সিএসডি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যালয়, ঢাকা সেনানিবাস ১৫ ডিসেম্বর, ২০১০ তারিখে ৩৯০৬/আর/ব্রডওয়ে বিল্ডিং/সিএসডি নং পত্রে উক্ত বোর্ড সিদ্ধান্তটি পুনঃ বিবেচনার জন্য অনুরোধ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে ব্রডওয়ে বিল্ডিং এর ভাড়া কমানোর কোন অবকাশ নেই মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ব্রডওয়ে বিল্ডিং এর ভাড়া ইতোপূর্বে নির্ধারিত প্রতি বর্গফুট মাসিক ৬/- (ছয়) টাকা বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ০৩ (তিন) বছর মেয়াদী দোকানসমূহের ইজারা মেয়াদ ০৫(পাঁচ) বছরে বর্ধিতকরণ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের টিনসেড ব্লকের ৩০ টি এবং পাকা সিঁড়ি-০১ নং দোকানের ইজারা গ্রহীতাগণ ০৩ বছরের স্থলে ইজারার মেয়াদ ০৫ বছর করার জন্য টিনসেড ব্লকের পক্ষে বীর মুক্তিযোদ্ধা মোঃ হারুন উর রশিদ ১৮ জানুয়ারি, ২০১১ তারিখে ও মিসেস নিলুফার ইয়াসমীন ২৪ জানুয়ারি, ২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, টিনসেড ব্লকের ৩০ টি দোকানের ইজারা গ্রহীতাগণ প্রতিটি দোকানের জন্য সালামী বাবদ ১,০০,০০০/- টাকা করে এবং পাকা সিঁড়ি-০১ নং দোকানের জন্য ৭০,০০০/- টাকা পরিশোধ করেছেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত দোকানসমূহের মেয়াদ ০৫(পাঁচ) বছর পর্যন্ত বর্ধিত করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ টিনশেড ব্লকের দোকানগুলি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সালামীতে এবং পাকা সিঁড়ি-১ নং দোকানটি ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা সালামীতে ০৩(তিন) বছরের পরিবর্তে ০৫(পাঁচ) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ ঃ সদর মহাখালীস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাটসমূহ উত্তরাধিকারীদের মাঝে ডিক্লারেশন অব হেবা/দানপত্র রেজিস্ট্রি করার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস্থ মহাখালী সদর এলাকার ১১৬০ বর্গগজ বিশিষ্ট ২১ নং প্লটটি ১৯৬৯ সনে ৩৫,৫০০/- (পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকা প্রিমিয়ামে মিসেস সুফিয়া আক্তার, স্বামী-মোঃ আয়াত আলী এর নামে ৯৯ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। উক্ত প্লটে ০৬ তলা বাড়ী নির্মাণ করার জন্য ২০০৮ সনে অত্র দপ্তর হতে সংশোধিত নকশা অনুমোদন করা হয় এবং ডেভেলপার কোম্পানীর মাধ্যমে ২০ (বিশ) টি ফ্ল্যাট নির্মাণ করা হয়। মিসেস সুফিয়া আক্তার ০৯/১১/২০১০ তারিখে এক আবেদনে তার অংশের ১৩ টি ফ্ল্যাট পুত্র-কন্যাদের মধ্যে নিম্নোক্তভাবে হেবা/দান করার অনুমতি চেয়েছেন ঃ-

| ক্র/নং | পুত্র/কন্যাদের নাম | সম্পর্ক | ফ্ল্যাট নং | আয়তন |
|---|---|---|---|---|
| ১। | মোঃ গোলাম সরওয়ার<br>পিতা-মরহুম আয়েত আলী | পুত্র | এ-২, বি-২, বি-৫ | ১৯০০ বর্গফুট প্রতিটি |
| ২। | শিরীন হাসান<br>স্বামী-কাজী মাসুদ হাসান | কন্যা | সি-৩, ডি-২ | ১৯০০ বর্গফুট প্রতিটি |
| ৩। | মোঃ গোলাম কিবরিয়া<br>পিতা-মরহুম আয়েত আলী | পুত্র | এ-১, সি-২, এ-৫ | ১৯০০ বর্গফুট প্রতিটি |
| ৪। | মোঃ গোলাম কবির<br>পিতা-মরহুম আয়েত আলী | পুত্র | বি-১,সি-৫, ডি-৫ | ১৯০০ বর্গফুট প্রতিটি |
| ৫। | শাহনাজ পারভীন<br>স্বামী-মরহুম কর্ণেল ইউসুফ হারুন | কন্যা | এ-৪, ডি-৪ | ১৯০০ বর্গফুট প্রতিটি |

সিদ্ধান্ত ঃ হালনাগাদ গৃহকর পরিশোধ এবং কোন অননুমোদিত নির্মাণ না থাকলে আবেদনকারীর আবেদন মোতাবেক হেবা/দানপত্র রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৬

আলোচ্যসূচী-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাদের পেনশনের জন্য চাহিদাকৃত ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা বোর্ডের স্থানীয় আয় হতে পেনশন ফান্ডে স্থানান্তরের অনুমোদন সংক্রান্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০ জানুয়ারি, ২০১১ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪/২০১০-২০১১/শা-৮/২৫২ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১০-২০১১ আর্থিক সালে যে সকল কর্মকর্তা/কর্মচারী/শিক্ষক/শিক্ষিকা অবসর গ্রহণ করবেন তাঁদের ও নিয়মিত পেনশনারদের অবসর ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা ও আনুতোষিক পরিশোধের নিমিত্তে ২০১০-২০১১ আর্থিক সালের বাজেটে ২,৪৫,৯৪,০০০/- (দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকার বরাদ্দ অনুমোদন পাওয়া যায়। চলতি আর্থিক সালে পেনশন আনুতোষিক বাবদ বরাদ্দকৃত টাকার মধ্যে ১,৬২,৭০,০০০/- (এক কোটি বাষট্টি লক্ষ সত্তর হাজার) টাকা অনুদান হিসাবে পাওয়া গিয়েছে। পেনশন ফান্ডের অবশিষ্ট ২,৪৫,৯৪,০০০/- − ১,৬২,৭০,০০০/-) =৮৩,২৪,০০০/- (তিরাশি লক্ষ চব্বিশ হাজার) টাকা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে বাজেটে কম বরাদ্দকৃত ১৮,০১,০০০/- টাকা (আঠার লক্ষ এক হাজার) টাকা অর্থাৎ সর্বমোট (৮৩,২৪,০০০/-+১৮,০১,০০০/-) = ১,০১,২৫,০০০/- (এক কোটি এক লক্ষ পঁচিশ হাজার) টাকা বাজেটে সমতা আনায়নকল্পে অত্র দপ্তরের ০৯ জানুয়ারি, ২০১১ ইং তারিখের ঢাক্যাবো/এ/৪/৯/৭৮ নং পত্রের মাধ্যমে সাধারণ অনুদান হিসাবে বরাদ্দ প্রদানের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০ জানুয়ারি, ২০১১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/৪/২০১০-২০১১/শা-৮/২৫২ নং পত্রের মাধ্যমে বোর্ডের স্থানীয় আয় হতে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পেনশন ফান্ডে স্থানান্তর করার জন্য অনুমোদন দেয়া হয়। উক্ত পত্রটি অবলোকনের নিমিত্তে উপস্থাপন করা হলো। বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনায় বোর্ড ফান্ড হতে পেনশন ফান্ডে অর্থ স্থানান্তর না করার বিষয়ে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ আপাততঃ বোর্ড ফান্ড হতে পেনশন ফান্ডে অর্থ স্থানান্তর না করে পূর্বের মত সরকারী তহবিল হতে পেনশনের জন্য অর্থ সংগ্রহের চেষ্টা করা হোক।

আলোচ্যসূচী-১১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | পি নং-২১২ কমডোর এম ইমাম হোসেন (সি) (অবঃ) | ৩০৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | জনাব জুবায়ের আহমেদ চৌধুরী | ৪২১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ-২১৩৬ ব্রিঃ জেঃ মোঃ বদরুল মিল্লাত ভূইয়া (অবঃ) | ৮০৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএ-২১৩৫ ব্রিঃ জেঃ তেহসিন হাসান | ১০০৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন (স্ট্রাকচারাল ড্রয়িং পরিবর্তন |
| (৫) | বিএ-১৯৩ মেজর জেনারেল (অবঃ) হারুন আহমেদ চৌধুরী, বি ইউ | ১৪২ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (পুরাতন ৪ তলা ভবন ভেঙে নতুন ভবন নির্মাণ) |
| (৬) | মিসেস রওশন আরা সাদেক গং | বি/১৮৫ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (পুরাতন ৩ তলা ভবন ভেঙে নতুন ভবন নির্মাণ) |
| (৭) | বিএসএস-১৩২৬ মেজর এ কে এম মোস্তাফিজুর রহমান গং | ৪৩০ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা নির্মাণ) |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ০৭ (সাত) টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। নকশাগুলো অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ থেকে ৬ এ উল্লেখিত মোট ০৭ (সাত) টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্রমিক নং-৫, ৬ ও ৭ এ উল্লেখিত বাড়ীর ক্ষেত্রে বিধি মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বারিধারা গেইট ও অনন্যা শপিং কমপ্লেক্স এবং পুকুর পাড়ের চারিদিকের বৈদ্যুতিক নিরাপত্তা বাতিগুলো ২´- ০´´ নিচে স্থাপন কাজ। | ৪৯,৫২০/- টাকা (বাজার দর) | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | সেনাপল্লী উচ্চ বিদ্যালয় ভবনের বিদ্যমান দ্বিতীয় তলার উপর তৃতীয় তলা নির্মাণ। | ৭৫,৯৩,৬৯৭/- টাকা | অনুদান/বোর্ড ফান্ড |
| (৩) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাহির সাইড ওয়েদার কোটকরণ। | ২,৫৬,৮৪৫/- টাকা | কলেজ তহবিল |
| (৪) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাহির সাইড ওয়েদার কোটকরণ। | ১,৯৪,৫১০/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর বাহির সাইড ওয়েদার কোটকরণ। | ২,০০,০০০/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (৬) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৪৮/এ নং স্টাফ কোয়ার্টারের দু'টি বিল্ডিং এর বাহির সাইড ওয়েদার কোটকরণ। | ২,০০,০০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৭) | মুসলিম মডার্ণ একাডেমীর টিচার্স কমন রুম ও পানি খাওয়ার স্থানে টাইলস্ স্থাপন ও মেরামত কাজ। | ৮৮,২৯৯/- টাকা | বিদ্যালয় তহবিল |
| (৮) | সিএমএইচ, ঢাকার সেবা নীড়ের জন্য শিশু পার্কের খেলনা সামগ্রী নির্মাণ ও স্থাপন কাজ। | ১,৯৯,২০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৯) | শহীদ সরণির পশ্চিম পার্শ্বে ওয়ার্কশপ বাস স্পটে ড্রেন মেরামতসহ কার্পেটিং কাজ। | ১,৯৮,১০০/- টাকা | বোর্ড তহবিল |
| (১০) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন স্টাফ কোয়ার্টার মেরামত ও রংকরণ। | ২২,৩৩৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১১) | সেনানিবাস (বনানী) কবরস্থান এর মেরামত ও রংকরণ কাজ। | ১,৯৯,৯৪৭/- টাকা | বোর্ড তহবিল |
| (১২) | পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লট হতে মুসলিম মডার্ণ একাডেমীর উত্তর-পূর্ব পকেট গেইট পর্যন্ত প্রধান সরবরাহ লাইন জিআই পাইপ দ্বারা স্থাপন কাজ। | ৯,১৮,৪৩৮/- টাকা | বোর্ড তহবিল |
| (১৩) | আইএসএসবি গেইটের সম্মুখে রাস্তার মোড়ে প্রশস্ততা বৃদ্ধিকরণ কাজ। | ১,৯৯,৯৬৫/- টাকা | বোর্ড তহবিল |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে নিরাপত্তা দেয়াল নির্মাণ, বৈদ্যুতিক সাব-স্টেশন সংলগ্ন ঘর মেরামত ও অন্যান্য কাজ। | ১,৫০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (১৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের রাস্তা ও ড্রেন মেরামত। | ১,৪০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (১৬) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ শাপলা চত্বর ও স্বাধীনতা চত্বর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৪৫,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (১৭) | শহীদ সরণি/স্বাধীনতা সরণির ফুটপাত মেরামত কাজ। | ৩৯,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। |
| (১৮) | জিয়া কলোনী হতে আইএসএসবি রাস্তায় বিদ্যমান ইলেক্ট্রিক পোলের মধ্যে ১৩৪টি এস এস পাইপের তৈরী ফ্লাওয়ার টপ ক্যারিয়ার ক্ল্যাম্পের সাহায্যে সরবরাহ ও স্থাপন কাজ। | ৬,১৬,৪০০/- টাকা | বোর্ড ফান্ড |
| (১৯) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ২১,৫৩,৬৮০/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ ও রাস্তার জন্য আদায়কৃত অর্থ |
| (২০) | বনানী ডিওএইচএস এলাকার ৬/এ নং রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৯,৯৮,৫০২/- টাকা | -ঐ- |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ২০ (বিশ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং-১, ১০, ১৪, ১৫, ১৬ ও ১৭ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | সিগন্যাল গেইট হতে বিএএফ গার্ড রুম পর্যন্ত রাস্তার পটহোল মেরামত, কার্পেটিং ও সীলকোট করণ। | ১,৯৮,২০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৯৮,২০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | এয়ার হাউজের সম্মুখে বিউটি স্পটের পুরাতন দেয়াল ভেঙ্গে যাওয়ায় নতুন দেয়াল নির্মাণ কাজ। | ১,৯৮,৫০০/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ১,৯৮,৫০০/- টাকা | বোর্ড তহবিল |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সিঁড়ি, সিইও এবং সহকারী সচিব এর রুমের সামনে মার্বেল পাথর টাইলস্ স্থাপনসহ প্লাস্টিক পেইন্টকরণ। | ২,৬০,৭০৪/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২,৬০,৭০৪/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫০,০০০/- টাকা | প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৫০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার বিটিসিএল কাটিং সংস্কার ও মেরামত কাজ। | ৫,২১,১৬৩/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন | ৫,২১,১৬৩/- টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১৮ মেরামত ও কার্পেটিং কাজ। | ৮,৫২,৮০২/- টাকা | আল ফালাহ এন্টারপ্রাইজ | ৮,৫২,৮০২/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ ও রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ হতে |
| (৭) | মহাখালী ডিওএইচএস এলাকার পার্কের বাউন্ডারী ওয়াল সংস্কারসহ পেইন্টকরণ। | ২,৩৭,৭২১/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২,৩৭,৭২১/- টাকা | -ঐ- |
| (৮) | মহাখালী ডিওএইচএস এলাকার ২ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,২৭,২৯৭/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৫,২৭,২৯৭/- টাকা | -ঐ- |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/লেক রোডের উত্তর পার্শ্বে ড্রেনের গাঁথুনীর উচ্চতা বৃদ্ধিসহ রাস্তার সীলকোটকরণ। | ৪,০০,৩৯৩/- টাকা | মেসার্স শাহ্ আমিন ট্রেডার্স | ৪,০০,৩৯৩/- টাকা | -ঐ- |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১৯ মেরামত ও কার্পেটিং কাজ। | ৫,৯৬,৬৮৯/- টাকা | মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স | ৫,৯৬,৬৮৯/- টাকা | -ঐ- |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-১৯/বি মেরামত ও কার্পেটিং কাজ। | ১৪,৩৬,৭৬৯/- টাকা | মেসার্স আফসারা কনস্ট্রাকশন | ১৪,৩৬,৭৬৯/- টাকা | -ঐ- |
| (১২) | মহাখালী ডিওএইচএস এলাকার পূর্ব পার্শ্বে রেল লাইন বরাবর বাউন্ডারী ওয়ালে নিরাপত্তার জন্য দেয়ালের উপর এঙ্গেলসহ কাঁটা তারের বেড়া স্থাপন ও পুনঃআস্তরকরণ। | ৮,৩৯,৩১১/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৮,৩৯,৩১১/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ |
| (১৩) | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৬৪,০৮,৬৭০/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন ১৯৮, তাষাণটেক | ৬০,৮৮,২৩৬/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (১৪) | বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোড উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৫৮,৭৩,৬৫৯/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং | ৫৫,৭৯,৯৭৬/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (১৫) | বনানী ডিওএইচএস এর রোড নং-২ ও ৩ এর সংযোগ সড়কটি উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৫,৩৬,০০৭/- টাকা | মেসার্স লাকী এন্টারপ্রাইজ | ৫,০৯,২০৬/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (১৬) | বনানী ডিওএইচএস এলাকার ১ ও ২ নং রোডের সংযোগ সড়ক (সাব লেন দু'টি) উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ১০,৬৯,৬১১/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ১০,১৬,১৩০/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (১৭) | বনানী ডিওএইচএস এলাকার ১ নং রোডের সাব লেন ও ২ নং রোডের সাব লেন এর পার্শ্বে ৩টি স্থানে ড্রেন নির্মাণ। | ১৫,০৫,৭৮১/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ১৪,৩০,৪৯১/- টাকা | -ঐ- লটারীতে বিজয়ী |
| (১৮) | মুসলিম মডার্ণ একাডেমী সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর বাসস্থানের নিচতলার উপর ২য় তলা ১ X ৩ ইউনিট বাসস্থান নির্মাণ কাজ। | ৩৮,৬৪,৮৭৬/- টাকা | মেসার্স সন্ধানী বিল্ডার্স | ৩৬,৭১,৬৩২/- টাকা | অনুদান লটারীতে বিজয়ী |
| (১৯) | সেনাপল্লী হাই স্কুলের ক্লাশ রুমের জন্য আসবাবপত্র তৈরী ও সরবরাহ কাজ। | ৮,০৬,৭৬৫/- টাকা | মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স | ৭,৬৬,৪২৬/- টাকা | অনুদান লটারীতে বিজয়ী |
| (২০) | ঢাকা সেনানিবাসের শিশুপার্কের অবশিষ্টাংশ এবং তৎসংলগ্ন খেলার মাঠে ভিটি বালু ভরাটকরণ। | ১২,৯২,০২৬/- টাকা | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ | ১২,৯২,০২৬/- টাকা | বোর্ড ফান্ড |
| (২১) | কচুক্ষেত পুরান বাজারের সিবি-২৫১ নং প্লটের সম্মুখে ওয়াসা খননকৃত রাস্তা মেরামত কাজ। | ৪০,৫০০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৪০,৫০০/- টাকা | ওয়াসা কর্তৃক রোড কাটিং এর জমাকৃত অর্থ |
| (২২) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পিছনে পুরাতন ড্রেন ভেংগে নতুন ড্রেণ নির্মাণ কাজ। | ১,৫২,৯৪৭/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৫২,৯৪৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডে জরাজীর্ণ পিভিসি পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন করে পানির লাইন স্থাপন। | ১,২৪,৬৪৩/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,২৪,৬৪৩/- টাকা | -ঐ- |
| (২৪) | মহাখালী ডিওএইচএস এলাকার লেন নং-২০ এর প্লট নং-২৪৩ হতে ২৭৬ পর্যন্ত রাস্তা মেরামতসহ কার্পেটিং কাজ। | ৯,৬৯,৮৭৬/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ৯,৬৯,৮৭৬/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ দ্বারা |
| (২৫) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ৬ ও ১১ নং রোড ১২'-০" এর স্থলে ২০'-০" চওড়া করণের জন্য অতিরিক্ত ১ X ১৪০০'-০" X ৮'-০" রাস্তার উচ্চতাবৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৩৯,১২,৯৩৭/- টাকা | মেসার্স নির্মাণ কনস্ট্রাকশন | ৩৯,১২,৯৩৭/- টাকা | সংশ্লিষ্ট এলাকার উন্নয়নমূলক খাত হতে |
| (২৬) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ১১২ নং প্লট হতে পশ্চিম দিকে প্রধান সড়ক পর্যন্ত রাস্তার উচ্চতাবৃদ্ধি ও প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ৯,৮৭,৪০০/- টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ৯,৮৭,৪০০/- টাকা | সংশ্লিষ্ট এলাকার উন্নয়নমূলক খাত হতে |
| (২৭) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ৩৭০ নং প্লট হতে পশ্চিম দিকে পাকা রাস্তা পর্যন্ত উচ্চবৃদ্ধিসহ এ্যাসফাল্ট প্ল্যান্টের সাহায্যে (৫৭৫'-০" X ১৬'-০" রাস্তা কার্পেটিং করণ। | ২৯,৮৬,৫৩৭/- টাকা | মেসার্স জি এম ট্রেডার্স | ২৯,৮৬,৫৩৭/- টাকা | সংশ্লিষ্ট এলাকার উন্নয়নমূলক খাত হতে |
| (২৮) | মিরপুর ডিওএইচএস সংলগ্ন পলাশ বিল্ডিং এর পূর্ব পার্শ্বের লেকটির চতুর্দিকে ওয়াকওয়ে নির্মাণসহ আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পূর্ণাঙ্গ বিনোদন স্পট তৈরীর ডিজিটাল সার্ভে কাজের কনসালটেন্ট নিয়োগ প্রসংগে। | বাজার দর | আর্কিটেক্টস | ১,৬৫,০০০/- টাকা | সংশ্লিষ্ট এলাকার উন্নয়নমূলক খাত হতে |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (২৯) | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের দক্ষিণ অংশে ড্রামশীট দিয়ে প্যালাসাইডিংকরণ। | ১৯,০৬,৮২১/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং | ১৮,১১,৪৮০/- টাকা | সংশ্লিষ্ট এলাকার উন্নয়নমূলক খাত হতে<br>লটারীতে বিজয়ী |
| (৩০) | ঢাকা সেনানিবাসের এমপি চেক পোষ্টসমূহে ব্যবহারের জন্য জিআই পাইপ এবং জিআই শিটের স্থানান্তরযোগ্য ১৫টি রোড ব্যারিয়ার নির্মাণ কাজ। | ৩,৬৭,২৯৮/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৩,৬৭,২৯৮/- টাকা | বোর্ড ফান্ড |
| (৩১) | রজনীগন্ধা সুপার মার্কেটের শেড মেরামত কাজ। | ১,৩৮,৪০১/- টাকা | মেসার্স শফিক এন্ড সন্স | ১,৩৮,৪০১/- টাকা | বোর্ড ফান্ড |
| (৩২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৪/জে মেরামত ও রংকরণ কাজ। | ৪৯,৪৫০/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৪৯,৪৫০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি-৮ মেরামত ও রংকরণ কাজ। | ২৯,৩৫০/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ২৯,৩৫০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ১,৯৮,২০০/- টাকা | |
| ২ | ১,৯৮,৫০০/- টাকা | |
| ৩ | ২,৬০,৭০৪/- টাকা | |
| ৪ | ৫০,০০০/- টাকা | |
| ৫ | ৫,২১,১৬৩/- টাকা | |
| ৬ | ৮,৫২,৮০২/- টাকা | |
| ৭ | ২,৩৭,৭২১/- টাকা | |
| ৮ | ৫,২৭,২৯৭/- টাকা | |
| ৯ | ৪,০০,৩৯৩/- টাকা | |
| ১০ | ৫,৯৬,৬৮৯/- টাকা | |
| ১১ | ১৪,৩৬,৭৬৯/- টাকা | |
| ১২ | ৮,৩৯,৩১১/- টাকা | |
| ১৩ | ৬০,৮৮,২৩৬/- টাকা | |
| ১৪ | ৫৫,৭৯,৯৭৬/- টাকা | |
| ১৫ | ৫,০৯,২০৬/- টাকা | |
| ১৬ | ১০,১৬,১৩০/- টাকা | |
| ১৭ | ১৪,৩০,৪৯১/- টাকা | |
| ১৮ | ৩৬,৭১,৬৩২/- টাকা | |
| ১৯ | ৭,৬৬,৪২৬/- টাকা | |
| ২০ | ১২,৯২,০২৬/- টাকা | |
| ২১ | ৪০,৫০০/- টাকা | |
| ২২ | ১,৫২,৯৪৭/- টাকা | |
| ২৩ | ১,২৪,৬৪৩/- টাকা | |
| ২৪ | ৯,৬৯,৮৭৬/- টাকা | |
| ২৫ | ৩৯,১২,৯৩৭/- টাকা | |
| ২৬ | ৯,৮৭,৪০০/- টাকা | |
| ২৭ | ২৯,৮৬,৫৩৭/- টাকা | |
| ২৮ | ১,৬৫,০০০/- টাকা | |
| ২৯ | ১৮,১১,৪৮০/- টাকা | |
| ৩০ | ৩,৬৭,২৯৮/- টাকা | |
| ৩১ | ১,৩৮,৪০১/- টাকা | |
| ৩২ | ৪৯,৪৫০/- টাকা | |
| ৩৩ | ২৯,৩৫০/- টাকা | |

ক্রমিক নং-১, ৩, ৪, ২২, ৩২ ও ৩৩ এ বর্ণিত প্রকল্প গুলির কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত মেরামত/প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত অর্থ ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | জামানত হিসেবে জমাকৃত টাকার পরিমাণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপের রোড নং-৩৫ এর মাটি ভরাটসহ ইটের সলিংকরণ কাজ। | ৩,৪৩,৩৭৮/- টাকা | দি মুন এন্টারপ্রাইজ |
| (২) | বনানী কবরস্থানের ৩টি নতুন লেন তৈরীকরণসহ ১টি পুরাতন লেন মেরামত কাজ। | ৩৮,৪০৮/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের পুরাতন রাস্তা সংস্কার, মেরামত ও পিসিসিকরণ, ড্রেন নির্মাণ এবং অন্যান্য কাজ। | ১,১৭,৪৫৭/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং |
| (৪) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-১৪,১৫,২০ ও ২১ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ৩,৫৩,০৮৩/- টাকা | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| (৫) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে প্লট নং-৩৭০ হতে ৩৯০ পর্যন্ত জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ৩৬˝) কাজ। | ৩,৫০,২৭৮/- টাকা | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |
| (৬) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-৫ ও ১৫ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ১,৯২,২২১/- টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-৪ ও ৯ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ১,৯১,৮৮৩/-টাকা | মেসার্স খোরশেদ আলম এন্টারপ্রাইজ |
| (৮) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-৩ ও ৮ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ১,৯২,৫৭৮/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স |
| (৯) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-২ ও ৭ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ১,৯২,০০৪/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন |
| (১০) | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপে রোড নং-১, ৬ ও ১১ এর জলাবদ্ধতা দূরীকরণের জন্য Storm sewer স্থাপন করণ (আরসিসি পাইপ-ড্রেন ২৪˝) কাজ। | ২,৯৪,৯৩৫/- টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (১১) | বনানী কবরস্থানের ৩টি নতুন লেন তৈরীকরণসহ ০১টি পুরাতন লেন মেরামতকরণ কাজ। | ৩৮,৪০৮/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স |
| (১২) | বারিধারা ডিওএইচএস এলাকার লেন নং-১৩ পশ্চিম পার্শ্ব উঁচুকরণসহ কার্পেটিং কাজ। | ৪৯,৮৫৬/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন ১৫৬/৫, মাটিকাটা, ঢাকা সেনানিবাস |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনাক্রমে জানা যায় যে, উপরোল্লিখিত মেরামত/প্রকল্পগুলো সফলভাবে সমাপ্তির ০১(এক) বছর অতিক্রান্ত হয়েছে এবং ব্যবহারকারী/উপকারভোগী এ বিষয়ে প্রত্যয়ন প্রদান করেছেন বিধায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত প্রকল্প ১২ (বার)টির বিপরীতে জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত ট্রাক নং- ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ এবং ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ এর টায়ার/টিউব ও ব্যাটারী সরবরাহকরণ।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নং-১১-১৯৮৯ এর জন্য ০৩টি টায়ার (সাইজ- ৭.৫০-১৬-১৬ প্লাই) এবং ০১ (এক) টি ১২ ভোল্ট ২৭ প্লেট লুকাস ব্যাটারী সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ২৯ জানুয়ারি, ২০১১ তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার কর্তৃক ৭৩,৩২০/- (তিয়াত্তর হাজার তিনশত বিশ) টাকার সর্ব নিম্ন দর দাখিল করা হয়।

সিদ্ধান্ত ঃ টায়ার এন্ড ব্যাটারী বাজার কর্তৃক ৭৩,৩২০/- (তিয়াত্তর হাজার তিনশত বিশ) টাকার সর্ব নিম্ন দর অনুমোদন করা হলো। সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-১৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত 'রজনীগন্ধা টাওয়ার' এ সামরিক কোটায় ১ম তলার-১২ নং দোকানের প্রদত্ত দর অনুমোদন পুনঃ বিবেচনা প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ারে সামরিক কোটায় দোকান ইজারার জন্য দৈনিক প্রথম আলো ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০২/১২/২০১০ তারিখে দরপত্র আহ্বান করা হয়। উক্ত তারিখে হাবিঃ আলী আজম (অবঃ) ১ম তলার-১২ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ২১,১০০/- (একুশ হাজার একশত) টাকা হিসেবে ৩০,৫৫,০৬৯/- (ত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার ঊনসত্তর) টাকা দর প্রদান করেন। উল্লেখ্য যে, ১ম তলা দোকানের সরকারী দর প্রতিবর্গফুট ১৫,০০০/- (পনের হাজার) টাকা। হাবিঃ আলী আজম (অবঃ) এর প্রদত্ত ৩০,৫৫,০৬৯/- (ত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার ঊনসত্তর) টাকার দরটি অনুমোদনের জন্য ২৭/১২/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত দোকানের বিপরীতে ০১ টি মাত্র দরপত্র পাওয়ায় বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয়নি। হাবিঃ আলী আজম (অবঃ) ২৩/১/২০১১ তারিখে এক আবেদনে তার একক প্রদত্ত প্রতি বর্গফুট ২১,১০০/- টাকার দরটি পুনঃ বিবেচনা করার জন্য অত্র দপ্তরে অনুরোধ করেছেন। এপ্রেক্ষিতে ০২/১২/২০১০ তারিখে ১ম তলার প্রাপ্ত দরসমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ-

**১ম তলা ঃ দোকান নং-১**

| ক্র/নং | দরদাতার নাম ও ঠিকানা | সরকারী দর (প্রতি বর্গফুট) | দাখিলকৃত প্রতি বর্গফুট দর, আয়তন ও মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | অনাঃ ক্যাপ্টেন মোঃ আলী নোয়াব (অবঃ)<br>৫২/৩ মাটিকাটা, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৬,৮১০×১২০.৬৬=<br>২০,২৮,২৯৪.৬০ | |
| ২। | মেজর এ কে এম হামিদুর রহমান চৌধূরী (অবঃ)<br>৮৭, শাহজুল আযম এভেনিউ, সেক্টর-১৪, উত্তরা মডেল টাউন, ঢাকা। | ১৫০০০/- | ১৮,০০০×১২০.৬৬=<br>২০,৭১,৪৪০.০০ | |
| ৩। | মেজর (অবঃ) এক এম কায়কোবাদ<br>বাড়ী নং-৪৩১, রোড নং-৩০, নিউ ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৭,৮৯৭×১২০.৬৬=<br>২১,৫৯,৪৫২.০০ | |
| ৪। | মেজর ইকবাল মাহমুদ চৌধুরী (অবঃ)<br>৯৯, সিআর দত্ত রোড, ঢাকা-১২০৫। | ১৫০০০/- | ২৫,০৫০×১২০.৬৬=<br>৩০,২২,৫৩৩.০০ | দরটি সর্বোচ্চ |
| ৫। | ক্যাপ্টেন (অবঃ) মোঃ ওয়ালী উল্লাহ<br>বাড়ী নং-৪৭০, রোড নং-৮, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৯,৯০১×১২০.৬৬=<br>২১,৫৯,৯৩৪.৬৪ | |
| ৬। | লেঃ এম বদিউর রহমান, পিএসসি, (অবঃ)<br>বাড়ী নং-৩১৫, রোড নং-৪, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৮,০১৬.৫০×১২০.৬৬=<br>২১,৭৩,৮৭০.৮৫ | |

**১ম তলাঃ দোকান নং - ৬**

| ক্র/নং | দরদাতার নাম ও ঠিকানা | সরকারী দর (প্রতি বর্গফুট) | দাখিলকৃত প্রতি বর্গফুট দর, আয়তন ও মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল মাহবুব আলম চৌধূরী (অবঃ)<br>৯৯, বীর উত্তম, সিআর দত্ত রোড, ঢাকা। | ১৫,০০০/- | ২৫১০০×১৩৪.৪৫=<br>৩৩,৭৪,৬৯৫.০০ | দরটি সর্বোচ্চ |
| ২। | অঃ ল্যাঃ (অবঃ) মোহাম্মদ হুমায়ন কবির<br>বাড়ী নং-২৪৪/১, উত্তর ইব্রাহিমপুর, ঢাকা। | ১৫,০০০/- | ২১১০০×১৩৪.৪৫=<br>২৮,৩৬,৮৯৫.০০ | |
| ৩। | মেজর (অবঃ) মোঃ আব্দুল কাদের<br>বাড়ী নং-৩১৩, রোড নং-৪, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ১৫,০০০/- | ২১০০১×১৩৪.৪৫=<br>২৮,২৩,৫৮৪.৪৫ | |
| ৪। | মেজর (অবঃ) ডাঃ মোঃ আবু দাউদ<br>৩২/১, মিসকাত মঞ্জিল, রোড নং-১০, ঢাকা সেনানিবাস। | ১৫,০০০/- | ২০০০১×১৩৪.৪৫=<br>২৬,৮৯,১৩৪.৪৫ | |
| ৫। | মেজর জেনাঃ মোঃ জালাল উদ্দিন আহমেদ<br>৪৩/ই, রোড নং-৮, ক্যান্টঃ বাজার এলাকা। | ১৫,০০০/- | ১৮৫৯৫×১৩৪.৪৫=<br>২৫,০০,১০০.০০ | |
| ৬। | ক্যাপ্টেন মোঃ দেলোয়ার হোসেন<br>সিবি-১৮১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টঃ। | ১৫,০০০/- | ১৮০৫০×১৩৪.৪৫=<br>২৪,২৬,৮২২.৫০ | |
| ৭। | কর্ণেল এস এম শওকত আলী (অবঃ)<br>বাড়ী নং-৪৫০/৪, রোড নং-৮, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ১৫,০০০/- | ১৭২৫০×১৩৪.৪৫=<br>২৩,১৯,২৬২.৫০ | |
| ৮। | মেজর মোঃ মুনসুর আহমেদ (অবঃ)<br>১৯২/১, পূর্ব কাফরুল, ঢাকা সেনানিবসা। | ১৫,০০০/- | ১৮৬০১.৫০×১৩৪.৪৫=<br>২৫,০০,৯৭১.৬৭ | |
| ৯। | ব্রিগেঃ জেনাঃ তাসাদ্দেক হোসেন, পিএসসি<br>বাসা নং-২৯, ফ্লাট-৩/এ, রোড নং-১, নিকেতন, গুলশান, ঢাকা। | ১৫,০০০/- | ২০০৭৭×১৩৪.৪৫=<br>২৬,৯৯,৩৫২.৬৫ | |

চলমান পাতা-১২

Gadar

**১ম তলাঃ দোকান নং- ৮**

| ক্র/নং | দরদাতার নাম ও ঠিকানা | সরকারী দর (প্রতি বর্গফুট) | দাখিলকৃত প্রতি বর্গফুট দর আয়তন ও মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | লেঃ কমান্ডার এম এ হানিফ, বিএন(অবঃ)<br>বাসা-৪০১, ভবন নং-৪, নেম ভবন, নাখাল পাড়া, তেঁজগাও, ঢাকা। | ১৫০০০/- | ১৭,০৫০×১৪৪.৭৯=<br>২৪,৬৮,৬৬৯.৫০ | দরটি সর্বোচ্চ |
| ২। | মেজর এ টি এম আব্দুল হালিম (অঃ)<br>বাড়ী নং-১৬৪, লেন-১, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৬,৮০০×১৪৪.৭৯=২৪,৩<br>২,৪৭২.০০ | |
| ৩। | লেঃ কর্ণেল মোঃ রেজাউল করিম<br>বাড়ী নং-২৬, ফ্ল্যাট নং-৫/সি, মিতালী হাইজীং সোসাইটি, দক্ষিণ কাফরুল, ঢাকা সেনানিবাস। | ১৫০০০/- | ১৬,২৫৫×১৪৪.৭৯=২৩,৫<br>৩,৫৬১.৪৫ | |
| ৪। | মাষ্টার ওয়াঃ অফিঃ (অবঃ) ফয়েজ আহমেদ<br>বাসা নং-৫৪, মসজিদ রোড, গোয়াল ঘর, দক্ষিণখান,ঢাকা। | ১৫০০০/- | দর উল্লেখ নাই | |

**১ম তলা ঃ দোকান নং-১২**

| ক্র/নং | দরদাতার নাম ও ঠিকানা | সরকারী দর (প্রতি বর্গফুট) | দাখিলকৃত প্রতি বর্গফুট দর, আয়তন ও মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | হাবিঃ আলী আযম (অবঃ)<br>১৮০/১, মানিকদী, ঢাকা ক্যান্টনমেন্ট। | ১৫,০০০/- | ২১,১০০×১৪৪.৭৯=<br>৩০,৫৫,০৬৯.০০ | একক সর্বোচ্চ দর |

সভায় বিস্তারিত পর্যালোচনান্তে রজনীগন্ধা টাওয়ার এর ১ম তলার ১২ নং দোকানের বিপরীতে প্রাপ্ত একক দরটি একই তলার অন্যান্য দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দরের সাথে সামঞ্জস্যপূর্ণ বিধায় তা অনুমোদন করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা টাওয়ার এর ১ম তলার ১২ নং দোকানের বিপরীতে হাবিঃ আলী আযম (অবঃ) এর প্রদত্ত ৩০,৫৫,০৬৯/- (ত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার উনসত্তর) টাকার দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ ঃ টেন্ডার ইভাল্যুয়েশন কমিটির সদস্যদের ভাতা প্রদান প্রসংগে (পিপিআর-২০০৭ অনুযায়ী)।

আলোচনা ঃ টেন্ডার ইভাল্যুয়েশন কমিটির কোন কোন সদস্য পিপিআর-২০০৭ অনুযায়ী ভাতা পাওয়ার অনুরোধ করায় তা প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ পিপিআর এর বিধি বিধান পরীক্ষা করে সুপারিশ সহকারে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-১৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৫০০ কেভিএ বিদ্যুৎ উপ-কেন্দ্রের যন্ত্রপাতি মেরামত, সার্ভেসিং ও ওভারহোলিং কাজ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থত ৫০০ কেভিএ বিদ্যুৎ উপ-কেন্দ্রের যন্ত্রপাতি মেরামত, সার্ভিসিং ও ওভারহোলিং কাজের জন্য জিইসি কোম্পানী লিঃ হতে ২০ জুন, ২০১০ তারিখে ১,৪৫,০০০/- টাকার কোটেশন পাওয়া যায়। উক্ত কোটেশনটি গত ২৫ জুন, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪(৩) এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত দরটি অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২৬ জুলাই, ২০১০ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৫/১৭/১৪১ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে মূল্যানুমান অনুমোদসহ ব্যয়ের অনুমোদন চাওয়া হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০ জানুয়ারি, ২০১১ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩৮-১১/শা-৮/১৮৪ নং পত্রের মাধ্যমে প্রাক্কলন অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন পাওয়া যায়। এমাতবস্থায়, রজনীগন্ধা সুপার মার্কেস্থিত ৫০০ কেভিএ বিদ্যুৎ উপকেন্দ্রের যন্ত্রপাতি মেরামত, সার্ভিসিং ও ওভারহোলিং কাজের জন্য জিইসি কোম্পানী লিঃ কে কার্যাদেশ প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৫০০ কেভিএ বিদ্যুৎ উপকেন্দ্রের যন্ত্রপাতি মেরামত, সার্ভিসিং ও ওভারহোলিং কাজের জন্য জিইসি কোম্পানী লিঃ কর্তৃক প্রদত্ত ১,৪৫,০০০/- টাকার দর অনুমোদন করা হলো। কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

*চলমান পাতা-১৩*

আলোচ্যসূচী-১৯ ঃ ঢাকা সেনানিবাসের শিশুপার্কসমূহে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স রুবিকনকে বিষয়োক্ত কাজের জন্য ৩৯,৫৫,৪২৩/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। সংশ্লিষ্ট ঠিকাদার ১০ জানুয়ারি, ২০১১ তারিখের পত্রের মাধ্যমে অত্র দপ্তরকে জানান যে, বর্ণিত খেলনাসামগ্রীর বর্তমান মূল্য অনেক বৃদ্ধি পেয়েছে অর্থাৎ কার্যাদেশ মোতাবেক প্রকল্পটি বাস্তবায়ন করার অপারগতা প্রকাশ করতঃ খেলনাসামগ্রীর মূল্য বাস্তবসম্মতভাবে পুনঃ প্রাক্কলন করার জন্য অনুরোধ জানান। বিষয়টি সুরাহা করার জন্য অফিস আদেশ নং-৩৫, তারিখ ১৮/০১/২০১১ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মূল্যানুমান ও বাজার যাচাই করা হয়। মূল্যানুমানে দেখা যায় মিরপুর ১৪ নং সেকশনের সেনাপল্লী এলাকায় শিশুপার্কের খেলনাসামগ্রী অন্তর্ভূক্ত করা হয়নি। উক্ত পার্কের খেলনাসামগ্রী অন্তর্ভূক্ত করাসহ সর্বমোট ৫৭,৮০,৫০০/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত সংশোধিত মূল্যানুমানটি মিনিটশীটের মাধ্যমে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০৩/০২/২০১১ তারিখে অনুমোদিত হয় এবং দরপত্র আহবান করা হয়েছে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে মেসার্স রুবিকন এর জামানত বাজেয়াপ্ত করতঃ পুনঃ দরপত্র আহ্বান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসের শিশুপার্কসমূহে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজের জন্য মেসার্স রুবিকন-কে প্রদত্ত কার্যাদেশ বাতিলসহ উক্ত ফার্মের জামানত আপাততঃ ফেরৎ না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের জন্য জরুরী ভিত্তিতে পুনঃ দরপত্র আহ্বান করা হোক।

আলোচ্যসূচী-২০ ঃ গত ২৭ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের ৩টি গ্রুপ টয়লেটের কার্যক্রম বন্ধ রাখা প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বোর্ড সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গত ২৬ জানুয়ারি, ২০১১ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলীর রুমে উক্ত গ্রুপ টয়লেটের ইজারাগ্রহীতার উপস্থিতিতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩টি টয়লেটের বিষয়ে নিম্নলিখিত আলোচনা হয় ঃ-

(ক) ০৩টি টয়লেটের মধ্যে ০১টি টয়লেটে পানি পাওয়া যায় বিধায় যে ০২টি টয়লেটে পানি পাওয়া যাচ্ছে না সে ০২টি টয়লেটের ইজারা বাতিল করা যেতে পারে।

(খ) ০১টি টয়লেট পরিচালনার ক্ষেত্রে মোট ইজারাকৃত টাকার $^{1}/_{3}$ বিল দেয়া যেতে পারে। অবশিষ্ট ০২টি টয়লেট ব্যবসায়ী/বাজারে আগত ক্রেতাগণকে বিনা পয়সায় ব্যবহারের সূযোগ দেয়া যেতে পারে।

(গ) টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন করার সকল কার্যক্রম ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

(ঘ) ইতোপূর্বে পানি/বিদ্যুৎ বিল বাবদ সকল বকেয়া অর্থ পরিশোধ নিশ্চিত করা যেতে পারে।

বিস্তারিত আলোচনান্তে উক্ত গ্রুপ টয়লেট ইজারার আনুপাতিক অর্থ এবং বকেয়া পানি/বিদ্যুৎ বিল আদায় করতঃ ইজারা বাতিল করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ গ্রুপ টয়লেটের ইজারা বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ইজারা গ্রহীতার নিকট হতে তাদের আবেদনের পূর্ব পর্যন্ত ইজারার অর্থ আনুপাতিক হারে আদায়সহ এবং বকেয়া পানি/বিদ্যুৎ বিলের অর্থ আদায় নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২১ ঃ আসন্ন বিশ্বকাপ ক্রিকেট উপলক্ষে হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর থেকে মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়াম এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংলগ্ন সড়ক অবকাঠামো উন্নয়ন এবং সৌন্দর্য বৃদ্ধিকরণের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২ ফেব্রুয়ারি, ২০১১ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/৪৩-১১/শা-২/৩৬ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, আসন্ন বিশ্বকাপ ক্রিকেট উপলক্ষে হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর থেকে মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়াম এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংলগ্ন সড়ক অবকাঠামো উন্নয়ন এবং সৌন্দর্য বৃদ্ধিকরণের জন্য আইএসএসবি গেইট হতে আইজিএসএন্ডসি পর্যন্ত রাস্তার দুই পার্শ্বের দেয়াল রংকরণসহ সৌন্দর্য বর্ধনের যাবতীয় কাজ বিশ্বকাপ ক্রিকেট শুরুর পূর্বেই সম্পন্ন করা দরকার।

সিদ্ধান্ত ঃ জরুরী ক্যান্টনমেন্ট বোর্ডের অংশের কাজ সম্পন্নর করার অনুমোদন দেয়া গেল।

আলোচ্যসূচী-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন হতে সিওডির সাইডিং পর্যন্ত রেল লাইন সংস্কার/পুনঃ মেরামতকরণের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ জানুয়ারি, ২০১১ তারিখের ৭০৩/২/কিউ-৩/৭ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন হতে সিওডির সাইডিং পর্যন্ত রেল লাইন সংস্কার/পুনঃ মেরামত করার জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৭ জানুয়ারি, ২০১১ তারিখের ৭০৩/২/কিউ-৩/৭ নং পত্রের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, বর্ণিত এলাকাটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন নয়।

সিদ্ধান্ত ঃ বর্ণিত এলাকার জঙ্গল পরিষ্কার এবং ডাস্টবিন অপসারণের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। তবে অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম অত্র দপ্তরের আওতাধীন নয়।

আলোচ্যসূচী-২৩ ঃ মিরপুর ডিওএইচএস এর অভ্যন্তরে ডিওএইচএস পরিষদ অফিস ও সংলগ্ন ক্যান্টিন খেলার মাঠ হতে স্থানান্তর প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বর্তমান ডিওএইচএস পরিষদ অফিস ও সংলগ্ন ক্যান্টিন মাস্টার প্ল্যান অনুযায়ী যথাস্থানে নির্মিত হয়নি।

সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের সাথে সমন্বয় করে মিরপুর ডিওএইচএস পরিষদ অফিস ও ক্যান্টিন স্থানান্তরের বিষয়ে কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৫

Badal

আলোচ্যসূচী-২৪ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় লেকের প্যালাসাইডিং কাজে Dewatering করাসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় লেকের প্যালাসাইডিং কাজের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত মূল্যানুমানে Dewatering ধরা ছিল না। কিন্তু Dewatering করা ছাড়া পাইল ও প্লেট স্থাপন করা যাচ্ছে না। সেমতে PPR এর নির্ধারিত নিয়মে অতিরিক্ত কাজের জন্য কার্যাদেশ প্রদানপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে তার অনুমোদন গ্রহণ প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ ঃ আসন্ন বিশ্বকাপ ক্রিকেট উপলক্ষে আইএসএসবি গেইট হতে উত্তর দিকে খালি জায়গায় বিউটি স্পট নির্মাণ প্রসংগে।

আলোচনা ঃ জরুরী ভিত্তিতে নির্মাণ কাজ সম্পন্নের ব্যবস্থা নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী জরুরী ভিত্তিতে বিউটি স্পট নির্মাণ কাজ সম্পন্ন করা হোক।

আলোচ্যসূচী-২৬ ঃ ঢাকা সেনানিবাসের আওতাধীন এলাকাসহ মিরপুর ডিওএইচএস এলাকায় পানি ও বিদ্যুৎ সরবরাহ কাজের জন্য একটি সিঙ্গেল কেবিন পিক-আপ ক্রয়ের বিষয়ে মিরপুর ডিওএইচএস পরিষদের ৩০ ডিসেম্বর, ২০১০ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বনানী, মহাখালী, বারিধারা ডিওএইচএস এবং মিরপুর ক্যান্টনমেন্টসহ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরান বাজার, বালুঘাট, জিয়াকলোনী এলাকার পানি ও বিদ্যুৎ সরবরাহ কাজের জন্য কোন গাড়ী না থাকায় অত্যাবশ্যকীয় এ সার্ভিস প্রদান করতে প্রায়ঃশই নানা ধরণের বিড়ম্বনায় পড়তে হয়। পানি ও বিদ্যুৎ সরবরাহ কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পানি ও বিদ্যুৎ শাখার জন্য একটি সিঙ্গেল কেবিন পিক-আপ ক্রয় করা জরুরী। উল্লেখ্য যে, সিঙ্গেল কেবিন নতুন পিক-আপ বাজারে পাওয়া যায় না বিধায় ১৮০০ সিসি রিকন্ডিশন পিক-আপ ক্রয় করা যেতে পারে। ১৮০০ সিসি রিকন্ডিশন পিক-আপ ক্রয়ের জন্য আনুমানিক ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় বোর্ড ফান্ড হতে সংকুলান করা যাবে। তাই ১৮০০ সিসি ০১টি রিকন্ডিশন পিক-আপ ক্রয়ের জন্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ব্যয়ের নীতিগত অনুমোদন দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ নীতিগত অনুমোদন দেয়া হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। নতুন পিক-আপ ক্রয় না করা অবধি সমস্ত গাড়ী ক্যান্টনমেন্ট বোর্ড পরিবহন পুলে থাকবে। যখন যে শাখার প্রয়োজন সে শাখা পূর্বাহ্নে রিকুইজিশনের মাধ্যমে জরুরী সরকারী কাজ সম্পাদন করতে পারবে। অতীব জরুরী ও তাৎক্ষণিক প্রয়োজনে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার-কে অবহিত করে যে কোন সরকারী কাজে যে কোন গাড়ী ব্যবহার করা যাবে।

*চলমান পাতা-১৬*

আলোচ্যসূচী-২৭ ঃ মহাখালী ডিওএইচএস পার্ক আধুনিকায়ন, উন্নয়ন ও Renovation এর ড্রয়িং অনুমোদনের বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদ এর ৩১ জানুয়ারি, ২০১১ তারিখের ১১৫৫/ডিওএইচএস/১১ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস পরিষদ এর তত্ত্বাবধানে মহাখালী ডিওএইচএস পার্ক আধুনিকায়ন, উন্নয়ন ও Renovation এর কাজ করা হবে। যার ফলে এলাকাবাসী আধুনিক নাগরিক সুবিধাদি উপভোগ করতে পারবেন বিধায় উক্ত কাজের অনুমতি দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ডিওএইচএস পরিষদ এর তত্ত্বাবধানে পার্ক আধুনিকায়ন, উন্নয়ন ও Renovation করার অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ ঃ শহীদ সরণিস্থ এয়ার হাউসের সন্নিকটে নব-নির্মিত ০৩ বিউটি স্পটের পরিবর্তে আইএসএসবি গেইট হতে নতুন এমপি চেক পোষ্ট পর্যন্ত রাস্তায় লন-লাইট স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, এয়ার হাউসের সম্মুখে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকায় এ স্থানে লন লাইট স্থাপনের পরিবর্তে আইএসএসবি গেইট সংলগ্ন নির্মাণাধীন বিউটি স্পটে অনুমোদিত লন লাইট স্থাপন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ আইএসএসবি গেইট সংলগ্ন বিউটি স্পটে লন লাইট স্থাপনের অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯বিবিধ (১) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | শহীদ ইউসুফ রোডের নিরাপত্তা বাতির পুরাতন বৈদ্যুতিক পোল ও তার পরিবর্তন করে নতুন এল্যুমিনিয়াম তার স্থাপন কাজ। | ১১,০৫,৫৬৪/- টাকা | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১১,০৫,৫৬৪/- টাকা | অনুদান ও বোর্ড ফান্ড |
| (২) | মিরপুর-১৪ নং সেকশনগামী রাস্তা হতে রজনীগন্ধা সুপার মার্কেটের সাব-স্টেশন পর্যন্ত বৈদ্যুতিক তার ও পোল মেরামত কাজ। | ২,৫০,০০০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২,৫০,০০০/- টাকা | অনুদান. |

*আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলি সম্পাদনের জন্য* দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|---|---|---|
| ১ | ১১,০৫,৫৬৪/- টাকা | |
| ২ | ২,৫০,০০০/- টাকা | |

ব্যয়ের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে যাবতীয় কাগজাদি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

Badar

*চলমান পাতা-১৭*

২৯বিবিধ (২) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস গার্ড ব্যারাকের বাথরুমের ময়লা ট্যাংক হতে সংযোগ পাইপ লাগানোসহ মেইন ড্রেন পর্যন্ত সংযোগ/স্যানেটারী কাজ। | ১,০৮,৯১৮/- টাকা | সংশ্লিষ্ট এলাকার অননুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ ও রাস্তার ক্ষতিপূরণের জন্য জমাকৃত অর্থ |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোড হতে ৫ নং রোড পর্যন্ত রাস্তায় জরাজীর্ণ ৩´´ পিভিসি পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন করে পানির লাইন স্থাপন কাজ। | ৩,০৯,৫১৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | মিরপুর ডিওএইচএস এর প্রথম ও দ্বিতীয় ধাপের সাইন বোর্ড (রাস্তার নাম ও ফলক) নির্মাণ কাজ। | ৩,২২,৬৬৪/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৪) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-২৪ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ৬৭,১১,২১৭/- টাকা | -ঐ- |
| (৫) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-৩৩ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ২২,০৬,৮৪২/- টাকা | -ঐ- |
| (৬) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-৪১ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ৮,৮৬,৫৪৮/- টাকা | -ঐ- |
| (৭) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-৪২ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৯,৯৬,৭০১/- টাকা | -ঐ- |
| (৮) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-৪৩ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৭,১১,৯৯৫/- টাকা | -ঐ- |
| (৯) | মিরপুর ডিওএইচএস এলাকর ৩য় ধাপের রোড নং-৪৪ (আংশিক) এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৫,৩৩,০০৫/- টাকা | -ঐ- |
| (১০) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের পার্কের পূর্ব পার্শ্ব দিয়ে রোড নং-৮ হতে ৬০´ - ০´´ চওড়া প্রশস্ত রাস্তার সাথে সংযোগ সড়কের উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১০,১২,৩০৫/- টাকা | |
| (১১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোড (আংশিক) মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৯,৫০০/- টাকা | বোর্ড ফান্ড |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত মূল্যানুমানগুলো এমইএস সিডিউল অনুযায়ী যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে এবং জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত ২০ (বিশ) টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। ক্রমিক নং- ২ এ বর্ণিত কাজের জন্য দরপত্র/কোটেশন আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট কাজগুলোর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে জরুরী ভিত্তিতে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৯বিবিধ (৩) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ আর্মি কোটার সি-২২২ নং দোকানটি হস্তান্তরের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের সি/২২২ নং দোকানটি ২৬/৮/১৯৯১ তারিখের ঢাক্যাবো/ টিআরসি/৩০/২০/৪/১৭৪ নং পত্রের মাধ্যমে সামরিক কোটায় নায়েক সুবেদার মজিবুল হককে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত দোকানটি ১০(দশ) বছর মেয়াদে বরাদ্দ প্রদান করা হয়েছিল। পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর গত ১৫/৪/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৭ এর মাধ্যমে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা সালামী ধার্য করে ০৩(তিন) বছর মেয়াদে পুনঃ বরাদ্দ প্রদান করা হয়। যার বরাদ্দ মেয়াদ ৩১/৮/২০১২ তারিখ পর্যন্ত বলবৎ আছে। বরাদ্দ গ্রহীতা তার আর্থিক প্রয়োজনে দোকানটির পজেশন জনাব মোঃ দেলোয়ার হোসেন, পিতা- মৃত হাজী কবির আহাম্মদ, মাতা- মৃত লুৎফুর নেছা, ১৬৭/৯, পূর্ব কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট এর নিকট হস্তান্তর করার অনুমতি চেয়ে ০৭/০২/২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উলেখ্য যে, উক্ত দোকানের ভাড়া জানুয়ারি, ২০১১ তারিখ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত ঃ ক্রেতা বিক্রেতা উভয়ের উপস্থিতিতে বিষয়টি নিশ্চিত করে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ আর্মি কোটার সি-২২২ নং দোকানটি জনাব মোঃ দেলোয়ার হোসেন, পিতা- মৃত হাজী কবির আহাম্মদ, মাতা- মৃত লুৎফুর নেছা, ১৬৭/৯, পূর্ব কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট এর নিকট হস্তান্তর করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১৮*

Badal

২৯বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তি প্রসংগে। গত ২৭ ডিসেম্বর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঠিকাদার তালিকাভুক্তির একটি নীতিমালা বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য বর্তমানে যে নীতিমালা বিদ্যমান তাতে ২য় শ্রেণী হতে কিভাবে ১ম শ্রেণীতে উন্নীত হবে সে বিষয়ে কোন উল্লেখ নেই। পূর্ণাঙ্গ নীতিমালা তৈরীর জন্য কমান্ডার এমইএস (আর্মি) এর সহায়তায় তাঁদের নীতিমালার আদলে একটি পূর্ণাঙ্গ নীতিমালার খসড়া প্রস্তুত করে তা আগামী বোর্ডসভায় উপস্থাপন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ এমইএস এর আদলে একখানা পূর্ণাঙ্গ নীতিমালার খসড়া আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

২৯বিবিধ (৫) ঃ বারিধারা ডিওএইচএস এলাকাস্থ অনন্যা শপিং কমপ্লেক্স সংলগ্ন স্থানে সেনা কল্যাণ সংস্থার নিজস্ব অর্থায়নে পাকা করতঃ পার্কিং টাইলস্ স্থাপনের বিষয়ে সেনা কল্যাণ সংস্থার ০৭ অক্টোবর, ২০১০ তারিখের এসকেএস/২১২/প্রকৌশল/ অনন্যা/৩১৫৫ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এলাকার ১৩ নং রোডের অনন্যা শপিং কমপ্লেক্স এর সম্মুখে প্রায়শঃই যান-জট হচ্ছে। শপিং কমপ্লেক্স সংলগ্ন রাস্তার পশ্চিম পার্শ্বে খালি জমিতে সেনা কল্যাণ সংস্থার নিজস্ব অর্থায়নে পাকা পার্কিং হার্ডস্ট্যান্ড নির্মাণ করার ব্যবস্থা নেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সেনা কল্যাণ সংস্থার নিজস্ব অর্থায়নে হার্ডস্ট্যান্ড নির্মাণের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯বিবিধ (৬) ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকাস্থ সিবি-২৭৬/এ নং প্লটে অনুমোদিত নকশা মোতাবেক বাড়ী নির্মাণের সময়সীমা বর্ধিতকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ জুন, ১৯৮৭ তারিখের ঢাক্যাবো/জেনারেল/প্লট এ-১২৩ (আংশিক) লালাসরাই নং পত্রের মাধ্যমে সিবি-২৭৬/এ নং প্লটে বাড়ী নির্মাণের জন্য নকশা অনুমোদন করা হয়। উক্ত প্লটে অনুমোদিত নকশা অনুযায়ী নিচতলা ও দোতলার অর্ধেকাংশ নির্মাণ করা হয়েছে। প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই। দোতলায় অবশিষ্ট অর্ধেকাংশ নির্মাণের অনুমোদন দেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকাস্থ সিবি-২৭৬/এ নং প্লটে অনুমোদিত নকশা মোতাবেক বাড়ী নির্মাণের সময়সীমা ডিসেম্বর, ২০১১ পর্যন্ত বর্ধিত করা হলো।

২৯বিবিধ (৭) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখায় চীফ কঞ্জারভেন্সী অফিসারের পদ সৃষ্টি প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক প্রণীত নিয়োগ বিধি ২০০৯ এ চীফ কঞ্জারভেন্সী অফিসার এর পদ সৃষ্টি করা হয়েছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১০ ফেব্রুয়ারি, ২০১১ তারিখের ৫/এমএলএন্ডসি/রুল/৯৬-২/শা-২/১৭৬ নং পত্রের মাধ্যমে উক্ত পদ সৃষ্টির বিষয়ে বোর্ড সভার সম্মতিসহ প্রপজিশন স্টেটমেন্ট প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ প্রসংগে উল্লেখ্য যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড প্রথম শ্রেণীর হওয়ায় উক্ত পদ সৃষ্টি করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য চীফ কঞ্জারভেন্সী অফিসার এর পদ সৃষ্টির সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের চাহিদা মোতাবেক উক্ত পদ সৃষ্টির প্রপজিশন স্টেটমেন্ট প্রেরণ করা হোক।

Badal

*চলমান পাতা-১৯*

২৯বিবিধ (৮) ঃ রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় 'ভিনাইল ওয়াল্ড এন্ড সাইন' কর্তৃক বিলবোর্ড স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংক এবং পাকা দোকানের ছাদের উপর ২০×১০= (২০০) সাইজের ০২ (দুই) টি এবং ১৫×১০=(১৫০) সাইজের ০২(দুই) টিসহ মোট ০৪ টি বিলবোর্ড স্থাপনের অনুমতি চেয়ে 'ভিনাইল ওয়ার্ল্ড এন্ড সাইন' এর মালিক মিসেস পারভীন আক্তার, ৬৫/১, পশ্চিম তেজতুরী বাজার, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা ০৬/২/২০১১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এ প্রসংগে উল্লেখ্য যে, গত ২৭ ডিসেম্বর, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৫ এর মাধ্যমে স্ট্যান্ডার্ড এডভারটাইজিং কোম্পানীকে উক্ত স্থানে সাইন বোর্ড স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছিল। অনুসন্ধানে জানা গিয়েছে যে, উক্ত কোম্পানীর সত্বাধিকারী জনাব মো এ কে আজাদ ইতোপূর্বে বঙ্গজ্যোতি নামে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের ছাদের উপর সাইন বোর্ড স্থাপন করে ৩,৫৬,০০০/- টাকা বকেয়া রেখে উধাও হয়ে যান। তার ঠিকানায় পত্র মারফত এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করে তাকে পাওয়া যায় নি। যার ফলে উক্ত সাইন বোর্ড বাজেয়াপ্ত করা হয়েছিল। সার্বিক বিবেচনায় স্ট্যান্ডার্ড এডভারটাইজিং কোম্পানীকে প্রদত্ত অনুমতি বাতিল পূর্বক 'ভিনাইল ওয়াল্ড এন্ড সাইন'-কে সাইন বোর্ড স্থাপনের অনুমতি প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংক এবং পাকা দোকানের ছাদের উপর ইতোপূর্বে স্ট্যান্ডার্ড এডভারটাইজিং কোম্পানীকে প্রদত্ত অনুমতি বাতিল করা হলো এবং প্রতি বর্গফুট ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে প্রস্তাবিত স্থানে ০৩(তিন)টি সাইন বোর্ড স্থাপনের জন্য 'ভিনাইল ওয়াল্ড এন্ড সাইন' -কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯বিবিধ (৯)ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন জলাশয় ইজারার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান রোডের পশ্চিমে আইএসপিআর অফিস সংলগ্ন জলাশয় ০১ মার্চ, ২০১১ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০১৪ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারার নিমিত্তে গত ২৫ জানুয়ারি, ২০১১ তারিখে স্থানীয় দরপত্র আহবান করা হলে উক্ত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি। পরবর্তীতে ১৪ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে স্থানীয়ভাবে পুনরায় দরপত্র আহবান করা হলে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ নিম্নরূপঃ-

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|---|---|---|
| ১। | জনাব মোঃ টিটু | ৩৫০০০/- টাকা |
| ২। | জনাব মোঃ ঈরশাদুল হক | ৩২,০০০/-টাকা |
| ৩। | জনাব মোঃ জাকির | ৩০,০০০/-টাকা |

উল্লেখ্য যে, উক্ত জলাশয়টি গত ১/৩/২০০৮ তারিখ হতে ২৮/২/২০১১ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকায় ইজারা প্রদান করা হয়েছিল।

সিদ্ধান্ত ঃ পুনঃ দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯বিবিধ (১০)ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর আদায় প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সোননিবাসস্থ কচুক্ষেত পুরান বাজার এলাকার কতিপয় বাড়ীর গৃহকর ১৫ থেকে ২০ বছর পর্যন্ত গৃহকর বকেয়া রয়েছে। বারবার পত্র/নোটিশ দেয়া সত্ত্বেও বকেয়া গৃহকর পরিশোধ করেনি। তাছাড়া ২৫/১/২০১১ তারিখে বকেয়া গৃহকর আদায়ের ব্যাপারে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত গৃহকর বকেয়া থাকার দরুন সংশ্লিষ্ট এলাকায় উন্নয়ন কাজ ব্যাহত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ১৯২৪ সনের ক্যান্টনমেন্টস এ্যাক্টের ৯১ ও ৯২ ধারার বিধান মোতাবেক বকেয়া গৃহকর আদায়ের কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

Badal

চলমান পাতা-২০

২৯বিবিধ (১১) ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বিএসএস-১৭০৪ লেঃ কর্ণেল শেখ আমিনুল ইসলাম (অবঃ) | ২৬৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (২) | বিএ-১০০২৯৬ ব্রিগেঃ জেনাঃ মোঃ নাজিম উদ্দিন<br>ও<br>বিইসি-১১০১৭৮ লেঃ কর্ণেল জাহান আরা বেগম | ৬৬৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৩) | বিএ-১৮২৬ লেঃ কর্ণেল কাজী শামসুল আলম (অবঃ) | ৪৭২ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৪) | বিএ-১৭৪৬ মেজর জেনাঃ মোঃ মাহবুবুল হাসান, এনডিসি, পিএসসি | ২৮১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৫) | বিএ-১০০২৮৫ মেজর জেনাঃ মোঃ সাইফুল ইসলাম | ৪৫২ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৬) | বিএ-১১০১০২ লেঃ কর্ণেল মোঃ গোলাম ফারুক (অবঃ) | ৬৯০ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৭) | বিএ-১৫০৫ লেঃ কর্ণেল মাহবুবুর রউফ খান (অবঃ) | ২২৯ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৮) | বিডি-৭০২৬ উইং কমান্ডার মোঃ আলাউদ্দিন মণ্ডল (অবঃ) | ৬৮৫ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |
| (৯) | বিএ-১৭৩৪ লেঃ কর্ণেল মোঃ জয়নাল আবেদীন (অবঃ) | ৩০১ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ (ছয়) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১০) | বিএ-১০০২৬৯ কর্ণেল আজহার উদ্দিন আহমেদ<br>ও<br>বিএ-১০০৫৫০ নুরুন্নাহার ফাতেমা বেগম | ৪৪১ | মিরপুর ডিওএইচএস | ০৬ (ছয়) তলা নতুন ভবন |

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১০ (দশ) টি নকশা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে। নকশাগুলো অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ থেকে ১০ এ উল্লেখিত মোট ১০ (দশ) টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯বিবিধ (১২)ঃ মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে ডেসকো কর্তৃপক্ষকে বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপন করার জন্য জমি বরাদ্দ প্রদান প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ২০ জানুয়ারি, ২০১১ তারিখে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে অনুষ্ঠিত সমন্বয় সভায় এ বিষয়ে ডেসকো এর প্রতিনিধি, পরিচালক, এমএন্ডকিউ পরিদপ্তর, সেনাসদর, কিউএমজি শাখা এবং সংশ্লিষ্টদের সাথে বিস্তারিত আলোচনা হয়। মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপনের জন্য কমপক্ষে ১৬ (ষোল) কাঠা জমি প্রয়োজন। এ জন্য ৩য় ধাপের ৮১৭ নং প্লটের পূর্ব পার্শ্বে শিশু পার্ক ও Play Ground এর জমি হতে উত্তর দিকে ১৬ (ষোল) কাঠা জমি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য জরুরী ভিত্তিতে ডেসকো কর্তৃপক্ষকে বুঝিয়ে দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে বিদ্যুৎ সরবরাহের জন্য ডেসকো কর্তৃপক্ষকে জরুরী ভিত্তিতে ১৬ (ষোল) কাঠা জমির দখল বুঝিয়ে দেয়া হোক।

২৯বিবিধ (১৩)ঃ ডিওএইচএসসমূহের বিভিন্ন বিষয় প্রসংগে।

**বনানী ডিওএইচএস ঃ**

আলোচনা ঃ সভায় উপস্থিত বনানী ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ) জানান যে, বনানী ডিওএইচএস এর ২, ৩, ৪ ও ৫ নং রোড জরুরী ভিত্তিতে কার্পেটিং করা প্রয়োজন। এছাড়াও নব-নির্মিত ড্রেন ঠিক মত কাজ করছে না। ওয়েস্টার্ণ রোডের ২৯ ও ৩০ নং বাড়ীর সম্মুখস্থ ড্রেন পরিষ্কার করা প্রয়োজন। সৈনিক ক্লাব সংলগ্ন সেপটিক ট্যাংক ওভার ফ্লো হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বনানী ডিওএইচএস এর ২, ৩, ৪ ও ৫ নং রোড কার্পেটিং এর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর কাজ শুরু করা হবে। নব-নির্মিত ড্রেনসহ অন্যান্য ড্রেনগুলি দ্রুত পরিষ্কার করার পদক্ষেপ গ্রহণ করা হোক। সৈনিক ক্লাব সংলগ্ন সেপটিক ট্যাংক ৪৬ ব্রিগেড কর্তৃক মেরামত/পরিষ্কার করার জন্য পত্র প্রদান করা হোক।

Aadel

*চলমান পাতা-২১*

**মহাখালী ডিওএইচএস**

আলোচনা-১ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় প্রস্তাবিত শপিং কমপ্লেক্স নির্মাণ কাজ শুরু না হওয়া প্রসংগে সভায় উপস্থিত মহাখালী ডিওএইচএস পরিষদ এ সেক্রেটারী মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ) জানতে চান। বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, এ বিষয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে কাজ শুরু করা হবে।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে দ্রুত কাজ শুরু করা হোক

আলোচনা-২ ঃ মহাখালী ডিওএইচএস মসজিদের মোয়াজ্জিনের কোয়ার্টার বরাদ্দ প্রসংগে

সিদ্ধান্ত ঃ মোয়াজ্জিনের জন্য নির্মিত কোয়ার্টার মোয়াজ্জিনের নামে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে তার বেতন বিল হতে যথা নিয়মে বাড়ী ভাড়া কর্তন করা হোক।

আলোচনা-৩ ঃ ডিওএইচএস এর উন্নয়নমূলক কাজ তদারকির জন্য কমিটিতে ডিওএইচএস পরিষদ এর প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ প্রসংগে।

সিদ্ধান্ত ঃ ডিওএইচএসসমূহের সকল উন্নয়নমূলক কাজ তদারকির জন্য কমিটিতে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবেন।

আলোচনা-৪ ঃ ডেভলোপার এর মাধ্যমে বাড়ী নির্মাণের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বানুমতি গ্রহণ প্রসংগে।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় ডেভলোপারের মাধ্যমে বাড়ী নির্মাণের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। অন্যথায় বাড়ী নির্মাণ/হস্তান্তরের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের কোন সংশ্লিষ্টতা থাকবে না।

**মিরপুর ডিওএইচএস ঃ**

আলোচনা-১ ঃ সভায় উপস্থিত মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ) মিরপুর ডিওএইচএস এর বিদ্যুৎ সংযোগ ও তিতাস গ্যাসের ডিস্ট্রিবিউশন লাইনের কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ বিষয়ে আলোচনায় জানা যায় যে, ডেসকো এবং তিতাস এর উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র এবং ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়াও মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে ডেসকোর সাব-স্টেশন স্থাপনের জন্য জমি বরাদ্দ চাওয়া হয়েছে

সিদ্ধান্ত ঃ ডিওএইচএস পরিষদ এবং ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে ডেসকো এবং তিতাস গ্যাস কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখা হোক।

আলোচনা-২ ঃ মিরপুর ডিওএইচএস মসজিদের জন্য মোয়াজ্জিন নিয়োগ প্রসংগে।

সিদ্ধান্ত ঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। খুব শীঘ্রই মোয়াজ্জিন নিয়োগের কার্যক্রম সম্পন্ন হবে।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ নাজমুছ সাদাত সেলিম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।